



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
কচুয়া, চাঁদপুর।
useokachua@yahoo.com



স্মারক নং উমাশিঅ/কচুয়া/চাঁদ/ম্যা.নির্বাচন/২৭-০৯/২০২৩/২৬৭

তারিখ : ২৪/০৯/২০২৩ খ্রি.

বিষয় : নুরপুর ল্যাবরেটরী উচ্চ বিদ্যালয়, কচুয়া, চাঁদপুরের ম্যানেজিং কমিটি নির্বাচন-২০২৩ এর নির্বাচনী তফসিল ঘোষণা।

সূত্র : উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের স্মারক নং-০৫.৪২.১৩৫৮.০০১.০৪.০১০.২৩-৮১২, তারিখ: ১৯/০৯/২০২৩ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের মাধ্যমে দায়িত্ব প্রাপ্ত হয়ে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক নুরপুর ল্যাবরেটরী উচ্চ বিদ্যালয়, কচুয়া, চাঁদপুর এর এতদ্বারা সকল ছাত্র/ছাত্রী, শিক্ষকমন্ডলী এবং সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীর অভিভাবকবৃন্দ, প্রতিষ্ঠাতা, দাতা ও শিক্ষক প্রতিনিধিসহ সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা ১৭ জুন ২০০৯ খ্রি: এর প্রজ্ঞাপনের প্রবিধান ১৬ এর আলোকে বিদ্যালয় ম্যানেজিং কমিটির নির্বাচন-২০২৩ এর নিম্নরূপ নির্বাচনী তফসিল ঘোষণা করা হলো।

১.	মনোনয়নপত্র বিতরণ ও জমাদানের	তারিখ	:	০১ অক্টোবর থেকে ০৩ অক্টোবর-২০২৩ পর্যন্ত (রবিবার-মঙ্গলবার)। সময় : সকাল ১০ ঘটিকা হতে বিকাল ০৪ ঘটিকা পর্যন্ত (অফিস চলাকালীন সময়)।
		স্থান	:	প্রিজাইডিং অফিসার/প্রধান শিক্ষকের কার্যালয়।
২.	মনোনয়নপত্র বাছাই এর	তারিখ	:	০৪ অক্টোবর-২০২৩ খ্রি. বুধবার।
		সময়	:	বেলা ১১:৩০ মিঃ (প্রার্থী/প্রস্তাবক/সমর্থক যে কেউ উপস্থিত থাকতে পারবেন)।
		স্থান	:	প্রিজাইডিং অফিসারের কার্যালয়।
৩.	মনোনয়নপত্র প্রত্যাহার	তারিখ	:	০৮ অক্টোবর-২০২৩ খ্রি., রবিবার সকাল ১০ ঘটিকা হতে বিকাল ০৪ ঘটিকা পর্যন্ত।
		স্থান	:	প্রিজাইডিং অফিসার/প্রধান শিক্ষকের কার্যালয়।
৪.	নির্বাচন	তারিখ	:	২৩ অক্টোবর-২০২৩ খ্রি. সোমবার।
		সময়	:	সকাল ১০ ঘটিকা হতে বিকাল ০৪ ঘটিকা পর্যন্ত (বিরতিহীন ভাবে)।
		স্থান	:	প্রতিষ্ঠান প্রাঙ্গণ।

* সকল মনোনয়নপত্র সিলগালা খামে এবং খামের উপর প্রেরক, প্রাপক ও পদের নাম উল্লেখসহ জমা দিতে হবে।

* কোন প্রার্থী নির্বাচনী প্রচারণায় কোনরূপ মিছিল, জনসভা, অভিভাবক সভা, শোভাযাত্রা, লাউড-স্পিকার, পোস্টার, দেওয়াল লিখন ও বাইসাইকেল বা মোটর সাইকেল কিংবা গাড়ী বহর ব্যবহার করতে পারবেন না। প্রচারণায় শুধুমাত্র ৫ ½ ইঞ্চি চ ৮ ½ ইঞ্চি সাদা-কালো লিফলেট ব্যবহার করতে পারবেন। এ ছাড়া অন্য কোন খাতে কোন অর্থ ব্যয় করা যাবে না এবং কোন ক্যাম্প স্থাপন করতে পারবেন না।

* সকল শ্রেণির প্রার্থী, প্রস্তাবক, সমর্থক একই শ্রেণির হতে হবে। একই ব্যক্তি একাধিক পদে প্রার্থী হতে পারবেন না। শিক্ষক অভিভাবক হলেও ঐ পদের প্রার্থী হতে পারবেন না।


* সকল শ্রেণির সদস্য পদে নির্বাচন একযোগে এবং একই সময়ে অনুষ্ঠিত হইবে। একজন অভিভাবক ভোটার চার ভোট ও সংরক্ষিত মহিলা আসনে এক ভোট, দাতা ভোটার এক ভোট, শিক্ষক দুই ভোট এবং সংরক্ষিত মহিলা শিক্ষক এক ভোট প্রদান করতে পারবেন।

* নির্বাচনের তারিখসহ উল্লেখিত তফসিল বিভাগীয়/সরকারী কাজে/অনাকাঙ্খিত কারণে আংশিক/সম্পূর্ণ পরিবর্তন হতে পারে।

* তফসিল সংশোধন, পরিবর্তন ও নির্বাচন চলাকালীন নির্বাচন সংশ্লিষ্ট সকল বিষয়ে প্রিজাইডিং অফিসারের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

প্রধান শিক্ষক
নুরপুর ল্যাবরেটরী উচ্চ বিদ্যালয়
কচুয়া, চাঁদপুর।

(তাকে তফসিলটি সকল শ্রেণি কক্ষে প্রচার, নোটিশ বোর্ডে সাঁটানোসহ সকলকে অবহিত করানোর জন্য অনুরোধ করা হলো)।



কে এম.সোহেল রানা

উপজেলা একাডেমিক সুপারভাইজার

ও

প্রিজাইডিং অফিসার

নুরপুর ল্যাবরেটরী উচ্চ বিদ্যালয় ম্যানেজিং কমিটি নির্বাচন/২০২৩
কচুয়া, চাঁদপুর।

অনুলিপি : সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কচুয়া, চাঁদপুর।
২. উপজেলা নির্বাহী অফিসার, কচুয়া, চাঁদপুর।
৩. অফিসার ইনচার্জ, কচুয়া, চাঁদপুর।
৪. সভাপতি, বিদ্যালয় পরিচালনা কমিটি, নুরপুর ল্যাবরেটরী উচ্চ বিদ্যালয়, কচুয়া, চাঁদপুর।
৫. সংরক্ষণ নথি।